



মো: মাকরুজ্জামান  
বোর্ড ও জনসংযোগ বিভাগ  
মোংলা বন্দর কর্তৃপক্ষ  
ওয়েবসাইট: [www.mpa.gov.bd](http://www.mpa.gov.bd)

## “সংবাদ বিজ্ঞপ্তি”

### “মোংলা বন্দরে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন উদযাপন”

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রী, দার্শনিক রাষ্ট্রনায়ক ও উন্নয়নের রূপকার বঙ্গবন্ধু কন্যা জননেত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন পালিত হলো মোংলা বন্দরের আয়োজনে। ২০০৯ সালে বর্তমান সরকার ক্ষমতায় আসার পর থেকে মোংলা বন্দরের উন্নয়ন ও অগ্রযাত্রার শুরু হয় তারই ধারাবাহিকতায় দেশের তথা বিশ্বের একটি আধুনিক, দ্রুত ও নিরাপদ আন্তর্জাতিক সেবাদানকারী প্রতিষ্ঠান হিসাবে মোংলা বন্দর বিশ্ব পরিমন্ডলে সুপরিচিতি পাচ্ছে।

২৮ সেপ্টেম্বর, ২০২২ তারিখে মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার ৭৬ তম জন্মদিন উদযাপন উপলক্ষে মোংলা বন্দর কর্তৃপক্ষ বিভিন্ন ধরনের কর্মসূচি গ্রহণ করেন। মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে বেলা ১২:০০ ঘটিকায় বন্দরের সভাকক্ষে কর্মকর্তা-কর্মচারীদের উপস্থিতিতে আলোচনা সভার আয়োজন করা হয়। সভার শুরুতেই মাননীয় প্রধানমন্ত্রীর জন্মদিন উপলক্ষে কেক কাটা হয়। সভায় প্রধান অতিথি ছিলেন মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বিশেষ অতিথি ছিলেন কমডোর মোহাম্মদ আব্দুল ওয়াদুদ তরফদার সদস্য (হারবার ও মেরিন), এবং সভাপতিত্ব করেন পরিচালক (প্রশাসন) মোঃ শাহীনুর আলম। এছাড়াও সভায় উপস্থিত ছিলেন বিভাগীয় প্রধানগণ, অফিসার এ্যাসোসিয়েশন ও বন্দরের অন্যান্য কর্মকর্তা-কর্মচারী।

আলোচনা সভায় প্রধান অতিথি মোংলা বন্দর কর্তৃপক্ষের চেয়ারম্যান রিয়ার এডমিরাল মোহাম্মদ মুসা বলেন, “মাননীয় প্রধানমন্ত্রীর দূরদর্শী ও বলিষ্ঠ নেতৃত্বের কারণে সারা দেশের সার্বিক উন্নয়নের সাথে সাথে মোংলা বন্দরের ব্যাপক উন্নয়ন হয়েছে ও সক্ষমতা বেড়েছে কয়েকগুন, বন্দর নিয়ে কোন ষড়যন্ত্র হলে আমরা তা প্রতিহত করার চেষ্টা করব। মাননীয় প্রধানমন্ত্রীর উন্নয়নকে ত্বরান্বিত করতে আমরা আন্তরিকতার সাথে কাজ করে যাব।” এসময় তিনি মাননীয় প্রধানমন্ত্রীর সুস্বাস্থ্য ও দীর্ঘায়ু কামনা করেন।

এছাড়াও বাদ যোহর মোংলা বন্দর কর্তৃপক্ষের সকল মসজিদ/মন্দির ও গীর্জায় দোয়া মাহফিল এবং বিশেষ প্রার্থনা করা হয়।

উপসচিব